



LIBERTY

JUSTICE

EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM  
(CPDRS)**

**WEST BENGAL STATE COMMITTEE**

**Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013**

**Mob: 9883717575, 8420094883**

**Email: cpdrs.india@gmail.com**

---

বাংলাদেশে চলমান কোটা-বিরোধী আন্দোলনে সংহতি জানিয়ে এবং আন্দোলনকারীদের ওপর নৃশংস আক্রমণকে নিন্দা জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (১৭.০৭.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"ঐতিহ্যের ভাবাবেগ যখন শাসকের হাতে দূর্নীতির হাতিয়ার হয়ে ওঠে, তখন তা ঐতিহ্যকে মহিমান্বিত করে না, কালিমালিষ্ট করে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের মহান ঐতিহ্য, সে দেশের শাসকের দ্বারা আজ কলঙ্কিত। মুক্তিযুদ্ধের অব্যবহিত পরে যুক্তিসংজ্ঞতভাবেই গঠিত হয়েছিল 'মুক্তিযোদ্ধা কোটা' নীতি, যা বর্তমান বৈরাচারী শাসকের হাতে ব্যাপক দূর্নীতি, স্বজনপোষন ও ছাত্র-যুব সমাজের মধ্যে বৈষম্য সৃষ্টির হাতিয়ার হয়ে উঠেছে। এই নীতির সংস্কারের দাবিতে বহুবার আন্দোলন গড়ে উঠেছে বাংলাদেশে। দাবি উঠেছে, 'কোটা নয়, মেধা'।

সম্প্রতি এই দাবিতে সমগ্র বাংলাদেশ উত্তাল হয়ে উঠেছে। ছাত্রসমাজের এই বীরত্বপূর্ণ আন্দোলনের সমর্থনে সেদেশের সর্বস্তরের গণতন্ত্রপ্রিয় মানুষ সোচ্চার হয়েছেন। প্রয়োজন ছিল, ন্যায্য এবং গণতান্ত্রিক এই দাবিতে গড়ে ওঠা আন্দোলনের কর্মীদের সঙ্গে আলাপ আলোচনার, কিন্তু তার পরিবর্তে বাংলাদেশের শাসকেরা লাঠি গুলি চালিয়ে, অসংখ্য আন্দোলনকারীকে রক্তক্ষেত্রে হত্যা করেছে ছয় জন প্রতিবাদী ছাত্রকে।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস, আন্দোলনকারীদের ওপর বাংলাদেশের শাসকদের নৃশংস আক্রমণকে তীব্র নিন্দা জানাই এবং চলমান এই গণতান্ত্রিক আন্দোলনের প্রতি সংহতি জানাই।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক